

www.janomot.com

লন্ডন ৪৮ বর্ষ ৫০ সংখ্যা

১১ - ১৭ অক্টোবর ১৪২৩

২৪ সফর - ০১ বইউল আওয়াল ১৪৩৮ হিজরী

48 Year, Issue 50

25 Nov - 01 Dec 2016

Price 50p

Established 21 February 1969



সাপ্তাহিক

Britain's first & leading Bengali Newspaper

JANOMOT

জানমট

## ইউকেবিসিসিআই এওয়ার্ড পেলেন ১২ ব্যবসায়ী

লন্ডন, ২৩ নভেম্বর : ২০ নভেম্বর লন্ডন মূল শহরের হিলটন পার্কলেন হোটেলে জমকালো আয়োজনে অনুষ্ঠিত হলো ইউকেবিসিসিআই

বিজনেস এন্ড এন্টারপ্রেনার এক্সিলেন্স এওয়ার্ড। এতে ১২টি ক্যাটাগরিতে বিশেষ অবদানের জন্য সফল ব্যবসায়ীদের এওয়ার্ড পৃষ্ঠা ৩৮



# ইউকেবিসিসিআই এওয়ার্ড পেলেন ১২ ব্যবসায়ী



প্রদান করা হয়। এতে বক্তারা বলেন, এ ধরনের আয়োজন ব্রিটিশ বাংলাদেশী ব্যবসায়ীদের সফলতার চূড়ায় পৌঁছাতে প্রনোদনা যোগাবে। দি ইউকে বাংলাদেশ ক্যাটালিস্ট অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ইউকেবিসিসিআই এইবার প্রথম আয়োজন করলো 'বিজনেস এন্ড এন্টারপ্রেনার এক্সিলেন্স এওয়ার্ড ২০১৬'। বিলেতে এই প্রথম বিভিন্ন সেক্টরের ব্যবসায়ীদের সফলতার স্বীকৃতি দিতে এই ধরনের আয়োজন। ২০ নভেম্বর, রবিবার লন্ডনের হিলটন পার্কলেন হোটেলে বসেছিলো জমকালো এ আসর। এতে বারজন সফল ব্যবসায়ীকে এওয়ার্ড প্রদান করা হয়।

বেস্ট নিউ বিজনেস ক্যাটাগরিতে এওয়ার্ড অর্জন করেছেন টেক্সটাইল ডিজাইনার এন্ড ওয়েভারের মাজেদা ক্লার্ক, বেস্ট প্রোডাক্ট অব দ্য ইয়ার ক্যাটাগরিতে এওয়ার্ড অর্জন করেছেন মাউন্টেন গোল্ড-লন্ডন টি এক্সচেঞ্জ এর শেখ অলিউর রহমান, বিজনেস ইনোভেশন ক্যাটাগরিতে পেয়েছেন, অর্টারিং ডাইরেক্টর আতিক এলাহি এবং আশিক এলাহি, কন্সল্টিং সার্ভিস টু দ্য ইন্ডাস্ট্রি-একক ক্যাটাগরিতে পেয়েছেন রেচিং ড্রাইভার এর জুবায়ের হক, কন্সল্টিং সার্ভিস টু দ্য ইন্ডাস্ট্রি-কমার্শিয়াল ক্যাটাগরিতে পেয়েছেন, একাউন্টেন্টিং এর এ কে এম ফজলুল হক, ইনোভেশনাল বিজনেস লিডার অফ দ্য ইয়ার ক্যাটাগরিতে পেয়েছেন এসোসিয়েশন অব ব্যাংকার্স বাংলাদেশ এর চেয়ারম্যান আনিস এ খান, ইয়ং এন্টারপ্রেনার অব দ্য ইয়ার ক্যাটাগরিতে পেয়েছেন ইমন আহমেদ, এন্টারপ্রেনার অব দ্য ইয়ার এ পেয়েছেন নাজিম আহমেদ, রেস্টুরেন্ট অব দ্য ইয়ার এ পেয়েছে করিয়েভার হুসে এন্ড, বিজনেস উইম্যান অব দ্য ইয়ার এ পেয়েছেন দার্জিলিং এক্সপ্রেস এর আসমা খান। ইউকেবিসিসিআই চয়েস এওয়ার্ড পেয়েছেন ঢালিয়া বাসার এবং লাইফটাইম এসিভমেন্ট দেয়া হয়েছে আব্দুর রউফ চৌধুরী, চেয়ারম্যান, প্রেসিডেন্ট র্যাংগস গ্রুপ এন্ড সি রিসোর্স গ্রুপ।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চীফ সেক্রেটারী অব ট্রেডারির ডেভিড গোয়াক এমপি। তিনি বলেন ব্রিটেনে বাংলাদেশী ব্যবসায়ীদের সব ধরনের প্রনোদনা

দেয়ার জন্য আমরা প্রস্তুত। বিনিয়োগের জন্য ব্রিটেনের দরজা সব সময় খোলা উল্লেখ করে তিনি বলেন, ব্রেক্সিট পরবর্তী সময়ে ব্রিটেন হবে বিনিয়োগের জন্য সবচেয়ে উত্তম স্থান। এছাড়া তিনি ব্রিটেনের ব্যবসায়ীদের বাংলাদেশে এবং বাংলাদেশের ব্যবসায়ীদের ব্রিটেনে বিনিয়োগের আহ্বান জানান। অনুষ্ঠানের শুরুতে বক্তব্য রাখেন, ইউকেবিসিসিআই প্রেসিডেন্ট বজলুর রশীদ এমবিই। তিনি বলেন, ব্রিটিশ বাংলাদেশী ব্যবসায়ীদের প্রনোদনা দেয়ার জন্য এই অনুষ্ঠানের আয়োজন। তিনি বলেন এবার ইউকেবিসিসিআই ব্যবসায়ীদের বিস্তৃত পরিধিকে সামনে নিয়ে আসতে এওয়ার্ড অনুষ্ঠানের আয়োজন করেছে। এর মাধ্যমে নতুনরা উৎসাহি হবেন। তিনি বলেন রেস্টুরেন্ট সেক্টর এখন প্রতিষ্ঠিত, এবার সামনে নিয়ে আসতে হবে অন্যান্য ক্ষেত্রে আমাদের ব্যবসায়ীদের যে অবদান তা তুলে আনা। সংগঠনের চেয়ারম্যান ইকবাল আহমদ ওবিই বলেন, ইউকেবিসিসিআই হচ্ছে একটি সুপার সনিক জেট, যার মাধ্যমে ব্যবসায়ীরা নিজেদের নিয়ে যেতে পারবে সফলতার শিখরে।

এওয়ার্ড অনুষ্ঠানে লাইফটাইম এন্টিম্যান্ট এওয়ার্ডে ভূষিত সফল ব্যবসায়ী আব্দুর রউফ চৌধুরী বলেন, ব্রিটেন এবং বাংলাদেশের মধ্যকার সম্পর্ক উন্নয়ন করতে হবে। নতুন প্রজন্মের ব্যবসায়ীদের এ ক্ষেত্রে অর্থনীতি ভূমিকা রাখতে হবে। তিনি বলেন, লন্ডনে এসে দেখা গেলো অনেক বড় বড় বাংলাদেশী ব্যবসায়ী রয়েছে এখানে। তাদের হাত ধরে বাংলাদেশ আজ প্রতিষ্ঠিত এই দেশে।

তিনি নতুন প্রজন্মকে এই সফলতাকে আরো এগিয়ে নেয়ার আহ্বান জানান। অনুষ্ঠানে বক্তব্যকালে লন্ডনস্থ বাংলাদেশ হাই কমিশনের হাই কমিশনার মোহাম্মদনাজমুল কাওনাইন বিনিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের বিভিন্ন পদক্ষেপ তুলে ধরে বলেন, দেশে অর্থনীতি এগিয়ে যাচ্ছে, বেড়েছে রিজার্ভ। বাংলাদেশের রফতানিও এখন উল্লেখযোগ্য হারে বেড়েছে। এছাড়া অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন বেথনাল গ্রীন ও বো আসনের এমপি রোশনারা আলী, লর্ড বিলিমুরিসহ আরো অনেকে।